গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জয়িতা ফাউন্ডেশন
বিপণন ও সম্প্রসারণ শাখা
জয়িতা টাওয়ার, ধানমন্ডি-২৭, ঢাকা।

স্মারক: ৩২.০৪.০০০০.০০০.০০১.৪০.০০০৩.২৫.৩৩ তারিখ: ৩০/১২/২০২৫ খ্রি.

## ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০২৬ এ জয়িতা ফাউন্ডেশনের প্যাভিলিয়নে অংশগ্রহণের জন্য নারী উদ্যোক্তাদের নিকট হতে আবেদনপত্র আহবান

৩০তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০২৬ ঢাকার পূর্বাচলে 'বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার' এ অনুষ্ঠিত হবে। মেলায় বিগত বছরের ন্যায় জয়িতা ফাউন্ডেশনের স্টল থাকবে। জয়িতা ফাউন্ডেশনের স্টলে অংশগ্রহণে আগ্রহী নারী উদ্যোক্তাগণের(জয়িতা ফাউন্ডেশনে নিবন্ধিত) নিকট হতে আবেদনপত্র আহবান করা হচ্ছে।

২। ৩০তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০২৬ এ নারী উদ্যোক্তাদের অংশগ্রহণের জন্য আগামী ৪/০১/২০২৬ তারিখের মধ্যে নির্ধারিত শর্তাবলীপূরণ সাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। মেলায় নিম্নোক্তভাবে আবেদন করা যাবে:

| | |
|---|---|
| আবেদন ফরম প্রাপ্তি স্থান | ১। জয়িতা ফাউন্ডেশনের ওয়েবসাইট: (https://joyeeta.portal.gov.bd)<br>২। জয়িতা ফাউন্ডেশন কার্যালয়, জয়িতা টাওয়ার(৯ম তলা), বাড়ি নং- ২০/এ (নতুন), রোড নং-২৭(পুরাতন), ধানমন্ডি, ঢাকা-১২০৭। |
| আবেদনপত্র জমা প্রদানের ঠিকানা | জয়িতা টাওয়ার(৮ম তলা), বাড়ি নং- ২০/এ(নতুন), রোড নং-২৭, ধানমন্ডি, ঢাকা-১২০৭। |
| আবেদন জমার শেষ তারিখ | ০৪.০১.২০২৬ (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত) |

৩। মেলায় অংশগ্রহণে আগ্রহী নারী উদ্যোক্তাগণ অংশগ্রহণ ফি বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার 'জয়িতা নারী উদ্যোক্তা উন্নয়ন প্রয়াস' শিরোনামে এবং নির্ধারিত আবেদন ফর্ম পুরণপূর্বক জয়িতা ফাউন্ডেশনের অফিসে নির্ধারিত সময়ের মধ্যে জমা প্রদান করবেন।

৩০।১২।২০২৫
সবুজ দাস
সহকারী পরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১) পরিচালক(সকল), জয়িতা ফাউন্ডেশন;
২) সহকারী পরিচালক(সকল), জয়িতা ফাউন্ডেশন;
৩) প্রোগ্রামার (জয়িতা ফাউন্ডেশনের ফেইসবুক পেইজ ও ওয়েবসাইটে আপলোডের জন্য);
৪) পিএটু ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫) অফিস কপি।